দৈনিক বাংলা

তারিখ 09 MAR 1995
পৃষ্ঠা ৬ কলাম ৪

161

# ঢাকা ভার্সিটি সিনেট ঃ ২৫ জন রেজিস্টার্ড গ্রাজুয়েট নির্বাচনের তফসিল ঘোষণা

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটে ২৫ জন রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়েছে।

ঘোষণানুযায়ী একজন প্রার্থী হিসাবে মনোনীত ব্যক্তির সম্মতিসহ মনোনয়নপত্র ঢাকা বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রারের নিকট পাঠানোর শেষ তারিখ আগামী ১৫ মার্চ বুধবার বিকাল ৪টা। ২১ মার্চ মনোনয়নপত্র বাছাই। ৩০ মার্চ দুপুর ১টা পর্যন্ত মনোনয়নপত্র প্রত্যাহার করা যাবে।

২ এপ্রিল বৈধ প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ এবং ৩০ এপ্রিল রোববার ঢাকার বাইরে সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত এবং ঢাকায় ৩ মে বুধবার সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত নির্বাচন অনুষ্ঠিত হবে।

নির্বাচনের কেন্দ্রগুলি হচ্ছে, ঢাকা বিশ্ববিদ্যালয় টিএসসি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়; সিলেট সরকারী কলেজ, কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, যশোর এম এস কলেজ, ফরিদপুর রাজেন্দ্র বিশ্ববিদ্যালয় কলেজ, বরিশাল শেরেবাংলা মেডিক্যাল কলেজ, ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়, টাঙ্গাইল কুমুদিনী সরকারী কলেজ, গাজীপুর ভাওয়াল বদরে আলম সরকারী বিশ্ববিদ্যালয় কলেজ, নরসিংদী কলেজ এবং নারায়ণগঞ্জ সরকারী তোলারাম কলেজ।